

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কপিরাইট অফিস  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় গ্রন্থাগার ভবন  
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

নং- ৪৩.২৯.০০০০.০০১.০৩.১১৭./১১- ১১৮৪


তারিখঃ ১০/০৭/২০১৯ খ্রিঃ

বিষয় : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ।

সূত্র : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৩.০০.০০০০.১১১.১৮.০০১.১৩-২২৯, তারিখ-০১/০৭/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য কপিরাইট অফিসের তথ্যাদি ছক মোতাবেক (হার্ড কপি ও সফট কপি মেইলে) সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

  
(জেহিনা বেগম)

কপিরাইট ডেপুটি রেজিস্ট্রার

ফোনঃ ৯১১৯৩৮০ (অফিস)

Copyrightoffice\_bangladesh@yahoo.com



সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কপিরাইট অফিস  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, ঢাকা।

বিষয় : কপিরাইট অফিসের সংক্ষিপ্ত পরিচিতি।

কপিরাইট অফিসের কার্যাবলী কপিরাইট আইন-২০০০ (২০০৫ সালে সংশোধিত) অনুযায়ী পরিচালিত হয়। কপিরাইট হচ্ছে সৃজনশীল ব্যক্তিবর্গের সৃষ্টকর্মের উপর তাঁদের অধিকার। কপিরাইট আইন বাস্তবায়নের মাধ্যমে নির্মাতা/রচয়িতাদের সৃজনশীল কর্মসমূহের স্বত্বের সুরক্ষা প্রদান করা হয়। সৃজনশীল ব্যক্তিবর্গের মেধাশক্তির সুরক্ষা, সৃজনশীল কর্মে তাদের উৎসাহ বৃদ্ধি এবং সার্বিকভাবে কপিরাইট সংক্রান্ত পাইরেসি রোধকরণের মাধ্যমে শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন সাধনই কপিরাইট আইনের লক্ষ্য ও উদ্দেশ্য। বস্তুত:পক্ষে কপিরাইট রেজিস্ট্রেশন সাহিত্য, কম্পিউটার সফটওয়্যার, মোবাইল অ্যাপস, কম্পিউটার গেইম, সঙ্গীত, রেকর্ড (অডিও-ভিডিও), ই-মেইল, ওয়েবসাইট, ইলেকট্রনিক যোগাযোগসহ অন্য কোন মাধ্যম, বেতার ও টেলিভিশন সম্প্রচার, চলচ্চিত্র, নাটক, স্থাপত্য নকশা, কার্টুন, চার্ট, ফটোগ্রাফ, বিজ্ঞাপন (ভিডিও, অডিও, পোস্টার, বিলবোর্ডসহ অন্যান্য), স্লোগান, থিম সং (Theme Song), ফেসবুক ফ্যান পেজ (Facebook Fan Page), এবং বিভিন্ন ধরনের শিল্পকর্মসহ ইত্যাদি সৃজনশীল কর্মের উন্নয়ন ও সংরক্ষণের বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

২। কপিরাইট রেজিস্ট্রেশনের সাধারণ সুবিধা:

- নৈতিকভাবে আবহমানকাল ধরে মেধাসম্পদের প্রণেতা হিসেবে আইনগত স্বীকৃতি;
- উত্তরাধিকার সূত্রে মালিকানার স্বত্ব নিশ্চিত হয়;
- মেধাসম্পদ বিভিন্ন পন্থায় উৎপাদন, বিক্রয়, বাজারজাতকরণ, লাইসেন্স প্রদান এবং জনসম্মুখে প্রদর্শনীর ক্ষেত্রে একচ্ছত্র অধিকার;
- মেধাসম্পদের কপিরাইট রেজিস্ট্রেশন সনদ যে কোন আদালতে মালিকানা সংক্রান্ত উদ্ভূত জটিলতার ক্ষেত্রে প্রমাণক হিসেবে কার্যকর;
- একক স্বত্বাধিকারের কপিরাইট রেজিস্ট্রিকৃত পণ্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে দরপত্র বা বিজ্ঞাপন আহবান কিংবা দরপত্রের প্রয়োজনীয় জামানত দাখিল করার প্রয়োজন হয় না; ফলে একক স্বত্বাধিকারী একমাত্র দরপত্র দাতা হিসেবে সরকারি প্রতিষ্ঠান সমূহে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে একচ্ছত্র অধিকার ভোগ করেন (পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ ধারা ৭৬);
- কপিরাইট রেজিস্ট্রেশন সনদ মেধাসম্পদ এর অবৈধ ব্যবহারের ক্ষেত্রে প্রশাসনিক, ফৌজদারি ও দেওয়ানী আদালতে আইনগত প্রতিকার লাভে সহায়ক হয়;
- বাণিজ্যিক উদ্দেশ্যে ইউটিউবসহ বিভিন্ন ডিজিটাল মিডিয়ায় সংগীত, নাটক, চলচ্চিত্র, ম্যাগাজিন অনুষ্ঠান ইত্যাদি আপলোড অথবা অভিযোগ দাখিলের ক্ষেত্রে কপিরাইট রেজিস্ট্রেশন সনদ মালিকানা স্বত্বের প্রমাণক হিসেবে দাখিল করা যায়;
- প্রতিষ্ঠানের পরিচিতি/ স্বকীয়তা তথা সুনাম (Goodwill) কে সুরক্ষা প্রদান;
- বাংলাদেশ বিশ্ব মেধাসম্পদ সংস্থার সদস্য হওয়ায় কপিরাইট সনদ বিশ্বের যে কোন দেশে উক্ত দেশের প্রচলিত আইনের ভিত্তিতে অর্থনৈতিক ও নৈতিক অধিকার সংরক্ষণ করে।

৩। কপিরাইট অফিসের প্রধান কার্যাবলী :

- ক) কপিরাইট সংক্রান্ত কর্মের রেজিস্ট্রেশন ও সনদপত্র প্রদান;
- খ) কপিরাইট সংক্রান্ত বিষয়ে উদ্ভূত বিরোধসমূহ নিষ্পত্তিকরণ;
- গ) বিদেশী ভাষা থেকে বাংলা ভাষায় অনুবাদ/পুনঃ প্রকাশের লাইসেন্স প্রদান;
- ঘ) সম্প্রচার সংক্রান্ত বিদেশী কর্মের বাংলায় অনুবাদ করার লাইসেন্স প্রদান;
- ঙ) কপিরাইট রেজিস্ট্রিকৃত কর্মের অবৈধ কপি আমদানি বন্ধকরণ;
- চ) সাহিত্যকর্ম/নাট্যকর্মের অনুবাদ, প্রকাশ কিংবা পুনরুৎপাদন এর লাইসেন্স প্রদান;


- ছ) কপিরাইট সমিতি/ Collective Management Organization (CMO) নিবন্ধন;
- জ) কপিরাইট সংক্রান্ত রেজিস্ট্রিকৃত কর্মের নমুনা সংরক্ষণ;
- ঝ) কপিরাইট সংক্রান্ত বিষয়ে সরকারকে সময়ে সময়ে পরামর্শ প্রদান;
- ঞ) ইনোভেশন বা সৃজনশীল কার্যক্রমকে প্রনোদনা ও উৎসাহ প্রদান।

৪। ২০১৮-১৯ অর্থ বছরের সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলি :

- রেজিস্ট্রেশন প্রক্রিয়ার সময় সংক্ষিপ্তকরণ: সৃজনশীল মেধাসম্পদের রেজিস্ট্রেশনের জন্য পূর্বে ৩ থেকে ৬ মাস সময়ের প্রয়োজন হতো। হেল্পডেস্ক এবং হেল্পলাইন স্থাপন ও অন্যান্য প্রচার কার্যক্রম গ্রহণের ফলে আবেদন নিষ্পত্তির প্রক্রিয়া সহজ হয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রে ৩৫ থেকে ৩৭ দিনের মধ্যে আবেদন নিষ্পত্তি করা হচ্ছে;
- ফেসবুক ফ্যান পেইজ : ফেসবু ফ্যান পেইজের মাধ্যমে কপিরাইট আইন সংক্রান্ত জিজ্ঞাসার জবাব প্রদান করা হয়;
- ই-টেন্ডার বাস্তবায়ন : কপিরাইট অফিসের ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ই-টেন্ডার পদ্ধতিতে ক্রয় কার্য শুরু করা হয়েছে;
- ডিজিটাল সনদ তৈরি: কপিরাইট অফিসের মনোগ্রাম তৈরি, কপিরাইট রেজিস্ট্রেশন ও লাইসেন্স এর ডিজিটাল সনদ তৈরি করা হয়েছে;
- আইনী সহায়তা কেন্দ্র স্থাপন: কপিরাইট আইনী সহায়তার জন্য কপিরাইট আইনী সহায়তা কেন্দ্র স্থাপন করা হয়েছে;
- কপিরাইট অফিসের লোগো প্রস্তুত করা হয়েছে;
- নতুন কপিরাইট আইন প্রণয়নের খসড়া প্রস্তুত করা হয়েছে;
- কপিরাইট ভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে;
- রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যের ডাটাবেইজ তৈরি;
- অনুরোধক্রমে গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব ও মহিলা সেবা প্রার্থীদের কপিরাইট রেজিস্ট্রেশন কার্যক্রমের সহায়তার জন্য তাঁদের আবেদন ও প্রয়োজনীয় ডকুমেন্ট কপিরাইট অফিসের বাহক মারফত সংগ্রহ এবং কপিরাইট সনদ পৌঁছে দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- লোক সাংস্কৃতিক অভিব্যক্তি সনাক্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংক্ষণ সংক্রান্ত বিশেষ কর্মসূচির পাইলট কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হয়েছে।

৫। ২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা :

- নতুন কপিরাইট আইন প্রণয়ন;
- কপিরাইট আইন, রেজিস্ট্রেশন ও পাইরেসি সংক্রান্ত স্টেক হোল্ডারদের মাঝে প্রচার জোরদারকরণ;
- কপিরাইট ভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়ন;
- নিয়োগ বিধি সংশোধন;
- কপিরাইট সমিতিতে সক্রিয় করা;
- ১১ টি শূন্য পদ পূরণ ও কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন;
- অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রমের পূর্ণাঙ্গ বাস্তবায়ন;
- রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যের ডাটাবেইজ তৈরি;
- মারাকেশ ট্রিটি অনুসমর্থনের উদ্যোগ গ্রহণ;
- আর্টিস্টিক ইমেজ সনাক্তকরণ সংক্রান্ত সফটওয়্যার তৈরিকরণ।

 ২০/০৭/১৯

৬। ২০১৮-১৯ অর্থ বছরে বাংলাদেশ কপিরাইট অফিস কর্তৃক আয়োজিত সেমিনার ও কর্মশালার ছবি :

- কপিরাইট সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের অংশীজনের অংশগ্রহণে সংগীতের স্বত্ব সুরক্ষায় কপিরাইট আইনের ভূমিকা শীর্ষক সেমিনার গত ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়।



- আন্তর্জাতিক কপিরাইট দিবস উপলক্ষ্যে সমকালীন বিশ্বে কপিরাইট আইন: সম্প্রচার ও ডিজিটাল প্ল্যাটফর্মের বিকাশ শীর্ষক সেমিনার গত ২৩ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়।



*(Signature)*  
(জোইরা বেগম)  
কপিরাইট ডেপুটি রেজিস্ট্রার  
*(Signature)*